



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫  
www.naem.gov.bd



নং-৩৭.০৪.২৬৬৩.৪০২.১৭.০০১.১৮-৩৭৭৬(২০০)

নোটিশ


তারিখ: ৩১/১২/২০২০  
২৩/১২/২০২০ খ্রি.

বৈশ্বিক নভেল করোনাবাইরাসের (কোভিড-১৯) বিস্তাররোধ, সরকারি নির্দেশনা ও ইসলামিক ফাউন্ডেশনের পরামর্শের আলোকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত একাডেমির সকল কর্মকর্তা-কর্মচারীকে নিম্নবর্ণিত নির্দেশনা মেনে চলার জন্য অনুরোধ করা হলো।

- ১। আপনি আপনার পরিবার ও ক্যাম্পাসে অন্য সকলকে স্বাস্থ্য ঝুঁকির মধ্যে ফেলবেন না। সুতরাং একান্তই জরুরি প্রয়োজন ছাড়া নায়েম ক্যাম্পাস, বাড়ি বা ঘরের বাইরে যাওয়া সম্পূর্ণ নিষেধ;
- ২। যদি কেউ সর্দি-জ্বর-কাশিতে আক্রান্ত হন, তবে তিনি অবশ্যেই নিজ দায়িত্বে আলাদা ঘরে একা ১৪ দিন অবস্থান করবেন (হোম কোয়ারেন্টিনে থাকবেন)।
- ৩। ক্যাম্পাসে বসবাসরত সকল কর্মকর্তা-কর্মচারী সামাজিক দূরত্ব কমপক্ষে তিনফুট বজায় রেখে চলবেন;
- ৪। যদি সর্দি-জ্বর-কাশির সাথে গলাব্যথা/শ্বাসকষ্ট শুরু হয়, তবে তিনি নিকটস্থ স্বাস্থ্যকেন্দ্র/হাসপাতাল/আইইডিসিআর (IEDCR)-এ যোগাযোগ করবেন;
- ৫। কোন বিদেশ ফেরত লোকের সাথে কোনক্রমেই দেখা করা বা মেলামেশা সম্পূর্ণ নিষেধ;
- ৬। আপদকালীন সময়ে বাসায় কোন বহিরাগত/আত্মীয়-স্বজন আসা সম্পূর্ণ নিষেধ;
- ৭। প্রতিনিয়ত কিছুক্ষণ পর পর সাবান দিয়ে কমপক্ষে ২০ সেকেন্ড ধরে হাত ধোবেন;
- ৮। মাস্ক অবশ্যেই ব্যবহার করবেন;
- ৯। নিয়মিত উষ্ণ গরম পানি দিয়ে গলা গড়গড়া (Gargle) করবেন;
- ১০। জনসম্মুখে হাঁচি-কাশি দেওয়া থেকে বিরত থাকবেন। হাতের কাছে টিস্যু রাখবেন যা সময়মত এর ব্যবহার নিশ্চিত করতে পারেন। টিস্যু না থাকলে হাতের কনুইয়ের ভাঁজ হাঁচি-কাশির সময় ব্যবহার করবেন এবং হাঁচি-কাশি দিলে সাথে সাথে সাবান দিয়ে হাত ধুয়ে ফেলবেন। উল্লেখ্য ব্যবহৃত টিস্যু যত্রতত্র না ফেলে নির্দিষ্ট বিনে ফেলবেন;
- ১১। সরকার ঘোষিত সাধারণ ছুটি শেষে অসুস্থতার কারণে যদি কেউ অফিসে আসতে না পারেন, তবে তিনি উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা/সিভিল সার্জনের প্রত্যয়পত্রসহ নায়েম কর্তৃপক্ষের নিকট ছুটির আবেদন করতে হবে;
- ১২। নায়েম ক্যাম্পাসে বসবাসরত কর্মকর্তা-কর্মচারী ব্যতীত সকল কর্মকর্তা-কর্মচারী ছুটি শেষে অফিসে যোগদানের আগে বাধ্যতামূলকভাবে নায়েম মেডিকেল অফিসারের প্রত্যয়নপত্র নিয়ে যোগদান করতে হবে এবং যোগদানের পর ১৪ দিন জরুরি প্রয়োজন ছাড়া ক্যাম্পাসের বাইরে যেতে পারবেন না;
- ১৩। ছুটি শেষে অফিসে যোগদানের পর যদি কেউ সর্দি-জ্বর-কাশি, শ্বাসকষ্ট বা অসুস্থতাবোধ করেন, তাহলে দ্রুত নায়েম মেডিকেল ইউনিটে যোগাযোগ করবেন;
- ১৪। ক্যাম্পাসে বসবাসরত কর্মকর্তা-কর্মচারীগণ আপদকালীন সময় নিজ নিজ বাসায় নামাজ পড়বেন। এবং সন্তানদের বাইরে বের না হওয়ার জন্য নিষেধ করা হলো;
- ১৫। আপদকালীন সময়ে সব ধরনের বহিরাগত এবং এলাকার সম্মানিত মুসল্লিগণ নায়েম জামে মসজিদে নামাজ না পড়া এবং শ্রমিকগণকে নায়েম ক্যাম্পাসে প্রবেশ না করার জন্য বিনীতভাবে অনুরোধ করা হলো;
- ১৬। একাডেমিতে নিয়োজিত আনসার সদস্যগণ বর্ণিত নির্দেশনার আলোকে নিরাপত্তার বিষয়ে সতর্ক থাকবেন এবং দায়িত্ব পালনকালে যদি কোন সমস্যার সৃষ্টি হয়, তাহলে সংশ্লিষ্ট দায়িত্বশীল কর্মকর্তার সাথে যোগাযোগ করবেন। উল্লেখ্য ছুটিকালীন সময়ে কোন আনসার সদস্য ছুটি নিয়ে বাড়িতে যেতে পারবেন না। বিষয়টি তাঁদের উর্ধ্বতন কর্তৃপক্ষকে সদয় অবহিত করা হলো;

২। দেশের সার্বিক পরিস্থিতিতে স্বাস্থ্যগত নিরাপত্তার জন্য উপরোল্লিখিত নির্দেশনা কঠোরভাবে অনুসরণের জন্যও নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। বিষয়টি অতীব জরুরি। এ ব্যাপারে সকলের সহযোগিতা একান্ত কাম্য।

  
২৩/১২/২০২০

(খান রফিকুল ইসলাম)

উপপরিচালক (প্রশাসন ও অর্থ)

ফোন: ৫৫১৬৭৫৩৫

e-mail: info@naem.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি বিতরণ করা হলো:

- ১। মহাপরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা;
- ২। জনাব খান রফিকুল ইসলাম, উপপরিচালক (প্রশাসন ও অর্থ), নায়েম, ঢাকা;
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, নায়েম, ঢাকা (নোটিশটি নায়েম-এর ওয়েবসাইটে দেওয়ার অনুরোধ করা হলো)।
- ৪। সকল কর্মকর্তা ও কর্মচারী, নায়েম, ঢাকা;
- ৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নায়েম, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৬। পরিচালক (প্রশাসন ও অর্থ) এর ব্যক্তিগত সহকারী, নায়েম, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৭। সকল নিরাপত্তা প্রহরী, নায়েম, ঢাকা;
- ৮। নায়েম-এ নিয়োজিত সকল আনসার সদস্য, নায়েম, ঢাকা (নোটিশের নির্দেশনা অনুসরণের জন্য নির্দেশ প্রদান করা হলো)।
- ৯। অফিস নথি।